
# **ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিবেদন ফরম** কিভাবে পূরণ করতে হবে:



ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিবেদন ফরম **দু'টি ফরম্যাটে** পাওয়া যায়:

- ফরমটির একটি **অনলাইন সংস্করণ** আছে যেটি আপনার নিজের কম্পিউটারে ডাউনলোড না করেই সরাসরি আই.সি.সি. ওয়েবসাইট থেকে পূরণ যায়: https://www.icc-cpi.int/bangladesh-myanmar

*অন্যথায়:*

- একটি **পিডিএফ সংস্করণ** রয়েছে, যেটি আই.সি.সি. ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যায়: https://www.icc-cpi.int/bangladesh-myanmar এবং সেটা হাতে পূরণ করে এবং এই ঠিকানায় পাঠানো যেতে পারে:

  the International Criminal Court
  Victims Participation and Reparations Section (VPRS)
  P.O. Box 19519, 2500 CM
  The Hague
  The Netherlands

  *অথবা*

  ভি.পি.আর.এস-কে ইমেইল করা যেতে পারে এই ঠিকানায়- VPRS.Information@icc-cpi.int

  প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যক্তি/দলের জন্য অনুগ্রহ করে শুধুমাত্র এক ধরণের ফরম পূরণ করুন- আপনার ইন্টারনেট সংযোগ/কম্পিউটারের সামর্থ্য অনুযায়ী এবং নিরাপত্তার কথা চিন্তা করে হয় অনলাইন অথবা পিডিএফ – এর মাধ্যমে আপনার নিবেদন করুন।

**ফরমটি যতদূর সম্ভব ইংরেজিতে পূরণ করার চেষ্টা করুন কারণ এতে করে আপনার নিবেদনটির বিবেচনায় যথেষ্ট কম সময় লাগবে (কারণ অনুবাদ করার সময়টা লাগবে না) ।**

**অনুগ্রহ করে সংক্ষেপে লিখুন এবং ফরমটি পূরণের সময় স্থান সীমাবদ্ধতার প্রতি সচেতন থাকুন।**

ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ অন্যান্য ফরম্যাটেও তাদের নিবেদন জমা দিতে পারেন, যেমন- ভিডিও, অডিও, ইত্যাদি।

নিবেদনটি যে ফরম্যাটেই প্রদান করা হোক না কেন, নিবেদন ফরমে'র টেম্প্লেটে যেসকল তথ্য জানতে চাওয়া হয়েছে তা যথাসম্ভব উল্লেখ করাটা গুরুত্বপূর্ণ। নিবেদন ধারণ/রেকর্ড করার সময় অনুগ্রহ করে তা সংক্ষিপ্তভাবে করুন এবং যথাসম্ভব নিশ্চিত করুন যেন অডিও/ভিডিওটির দৈর্ঘ্য ১০ মিনিটের কম হয়। যিনি নিবেদনটি প্রস্তুত করছেন তার উচিত যথাসম্ভব ইংরেজিতে কথা বলা অথবা ভিডিওটিতে ধারাবাহিকভাবে ইংরেজি অনুবাদ/সাবটাইটেল সংযুক্ত করতে হবে। এতে আপনার অডিও/ভিডিও নিবেদনটির বিবেচনায় যথেষ্ট সময় কম লাগবে (কারণ অনুবাদ করার সময়টা লাগবে না)।

অনুগ্রহ করে প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যক্তি/ ক্ষতিগ্রস্ত ব্যক্তির দলের জন্য হয় নিবেদন ফরমটি পূরণ করুন অথবা অন্য কোনো ফরম্যাটে নিবেদনটি জমা দিন। একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি/ ক্ষতিগ্রস্ত ব্যক্তির একটি দলের উচিত শুধুমাত্র একটি নিবেদন জমা দেয়া যাতে অযথা প্রতিলিপি তৈরিটা এড়ানো যায়।

# পৃষ্ঠা ১

---

অন্তত ২০১৬ সালের ৯ই অক্টোবরের পর থেকে অভিযোগক্রমে মায়ানমার থেকে বাংলাদেশে জোরপূর্বক অপসারিত ব্যক্তিগন এবং যারা অন্ততপক্ষে বাংলাদেশের সীমানার মধ্যে সংঘটিত অন্যান্য অপরাধের শিকার হয়েছেন যেমন বিতাড়িত করা, অন্যান্য অমানবিক আচরণ এবং নিপীড়নের (আই.সি.সি. অফিস অব দি প্রসিকিউটর-এর রোম সংবিধি -এর আর্টিক্যাল ১৫ এর অধীনে তদন্ত পরিচালনার অনুমোদনের আবেদনে উল্লিখিত) শিকার হয়েছেন তারা অথবা যেসব ব্যক্তি/ প্রতিষ্ঠান সেইসব ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধিত্ব করেন তারা এই টেম্প্লেটটি/ ফরমটি ব্যবহার করতে পারেন।

অন্তত ২০১৬ সালের ৯ই অক্টোবরের পর থেকে মায়ানমারের বেসামরিক রোহিঙ্গা জনগণের বিরুদ্ধে সংঘটিত অমানবিক অপরাধসমূহ প্রসিকিউটর-এর আর্টিক্যাল ১৫ এর অধীনে তদন্ত পরিচালোনার অনুমোদনের আবেদনের ব্যাপ্তিতে অন্তর্ভূক্ত অপরাধসমূহের আওতাভূক্ত।

---

**বি.দ্র. এটি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের বিচারকার্যে অংশগ্রহণের এবং/অথবা ক্ষতিপূরণের জন্য আবেদনের ফরম নয়**

বিচারকগণ কোনো তদন্ত শুরুর অনুমোদন দিলে, ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ পরবর্তী কোনো এক পর্যায়ে হয়তো সম্ভাব্য আইনগত বিচারকার্যে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারেন এবং তাদের দৃষ্টিভঙ্গি ও উদ্বেগ তুলে ধরার সুযোগ পেতে পারেন। সেধরণের আইনগত বিচারকার্যের পরিপ্রেক্ষিতে, ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ ক্ষতিপূরণের অনুরোধ জানানোর অধিকারও পাবেন।

রোম সংবিধি'র আর্টিক্যাল ১৫(৩) এর অধীনে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কর্তৃক উপস্থাপিত নিবেদনসমূহ বাংলাদেশ/মায়ানমার পরিস্থিতিতে প্রসিকিউটরের তদন্ত শুরুর অনুমোদনের সম্পূর্ণ বা আংশীক আবেদনের প্রেক্ষিতে তদন্ত শুরুর অনুমোদন দেয়া হবে কি না সে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে আই.সি.সি. বিচারকগণকে সহায়তা করে। আই.সি.সি. বিচারকগণ একটি তদন্ত শুরুর অনুমোদন দিলে; বাংলাদেশ/মায়ানমার পরিস্থিতিতে যেসকল অপরাধ সংঘটিত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে এবং বিচারকদের নিকট আবেদনে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, প্রসিকিউটরের কার্যালয় সেগুলির একটি তদন্ত পরিচালনা করবে। তদন্ত সম্পন্ন হয়ে গেলে এবং যথেষ্ট প্রমাণ সংগৃহীত হলে গুরুতর দায়ী হিসেবে গণ্য ব্যক্তিদের বিরুদ্ধে একটি (অথবা একাধিক) মামলা দায়ের করা যেতে পারে।

রোম সংবিধি'র আর্টিক্যাল ১৫(৩) এর অধীনে উপস্থাপিত নিবেদনসমূহ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে সম্ভাব্য ভবিষ্যত বিচারসংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণের মর্যাদা প্রদান করে না। ভবিষ্যতে সেরকম বিচারকার্যক্রমের উদ্ভব হলে তাতে অংশগহণের আবেদন করতে চাইলে আগ্রহী ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে ঐসকল বিচারকার্যক্রমে **অংশগ্রহণের জন্য** এবং ক্ষতিপূরণের জন্য **আলাদা একটি আবেদন ফরম** পূরণ করতে হবে। এছাড়াও ব্যক্তিগতভাবে তাদের কি হয়েছে সে সম্পর্কে আরো সুনির্দিষ্ট তথ্য এবং প্রমাণ নথিপত্র প্রদান করতে হবে।

---

☐ **ব্যক্তিগত নিবেদন** ☐ **দলগত নিবেদন**

একটি ব্যক্তিগত নিবেদন দুইভাবে জমা দেয়া যেতে পারে - ***একজন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি** যিনি শুধুমাত্র নিজে যেসব ক্ষতির শিকার হয়েছেন তা উল্লেখ করবেন, অথবা

*** শুধুমাত্র একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রতিনিধি কর্তৃক**।

রোম সংবিধি'র আর্টিক্যাল ১৫(৩) এর অধীনে ব্যক্তিগত এবং দলগত উভয়প্রকার নিবেদনের জন্য এই টেম্প্লেটটি তৈরি করা হয়েছে।

শুধুমাত্র একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি কর্তৃক (একজন সাধারণ ব্যক্তি বা সংগঠন) যিনি শুধুমাত্র নিজে যেসকল (প্রত্যক্ষ বা পরোক্ষ) ক্ষতির শিকার হয়েছেন তা উল্লেখ করবেন অথবা **একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তির** প্রতিনিধি কর্তৃক **একটি ব্যক্তিগত নিবেদন** জমা দেয়া যেতে পারে।

একটি নিবেদনকে **দলগত** হিসেবে বিবেচনা করা হবে যদি তা **দুই বা ততোধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তির** পক্ষ থেকে জমা দেয়া হয়। ক্ষতিগ্রস্তব্যক্তিদের একটি দলের (যেমন- পরিবারসমূহ, একটি গ্রামের সকল অধিবাসি, একটি নারী সংঘ, ইত্যাদি) পক্ষে একজন প্রতিনিধি কর্তৃক দলগত নিবেদন উপস্থাপন করা যেতে পারে।

---

১. ক্ষতিগ্রস্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের শেষ নাম ____________________

ক্ষতিগ্রস্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের প্রথম নাম ____________________

প্রশ্ন নং ১ পূরণ করুন যদি আপনি * **নিজে একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি** হন এবং স্বপক্ষে নিবেদন করছেন, অথবা

* নাম প্রকাশে সম্মত ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের **প্রতিনিধিত্বকারী** হন

আপনি যদি নিজে একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসেবে আপনার নিজের পক্ষে নিবেদন করেন, তাহলে অনুগ্রহ করে প্রশ্ন নং ১-এ পরিচিতিমূলক নথিপত্র অনুসারে আপনার প্রথম ও শেষনাম উল্লেখ করুন। **এই প্রশ্নের জন্য বা প্রশ্ন নং ২, ৩, ৪ ও ৫-এর জন্য আপনাকে আপনার পরিচিতমূলক নথিপত্রের অনুলিপি প্রদান করতে হবে না।**

অনুগ্রহ করে মনে রাখবেন যে নিবেদন ফরমসমূহ **বেনামী/অজ্ঞাতনামা হতে পারবে না**। আপনি নিজে একজন ক্ষতিগ্রস্ত হিসেবে ব্যক্তিগত নিবেদন প্রদানের সময়, নিরাপত্তা বা অন্যান্য কারণে ব্যক্তিগত পরিচয়মূলক তথ্য প্রদান করতে না চাইলে আপনার একজন প্রতিনিধি লাগবে যিনি আপনার হয়ে ফরমটি পূরণের জন্য প্রশ্ন নং ২-এ তার পরিচয়মূলক তথ্য প্রদান করতে পারবেন। সেক্ষেত্রে আপনি প্রশ্ন নং ১ ফাঁকা রাখতে পারেন এবং শুধুমাত্র প্রশ্ন নং ২ পূরণ করতে পারেন।

---

২. ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধির শেষ নাম ____________________

ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধির প্রথম নাম ____________________

অথবা ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানের নাম ____________________

প্রশ্ন নং ২ পূরণ করুন যদি আপনি * ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধিত্বকারী **একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান**, অথবা

* **একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি নিজেও** তার পরিবারের অন্যান্য সদস্যদের **প্রতিনিধিত্ব করতে পারেন** যারা একই ধরণের কার্যকলাপের কারণে ক্ষতির সম্মুখীন হয়েছেন

আপনি যদি একজন ব্যক্তি/সংগঠন হিসেবে এক বা একাধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রতিনিধিত্ব করেন তাহলে অনুগ্রহ করে প্রশ্ন নং ২-এ আপনার প্রথম ও শেষ নাম অথবা ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র প্রতিনিধিত্বকারী সংগঠনের নাম উল্লেখ করুন।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, **নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র নাম প্রশ্ন নং ১-এ উল্লেখ করার প্রয়োজন নেই।** তবে আপনি ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র নাম উল্লেখ করতে চাইলে ক) একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে উপস্থাপন করা হলে তার নাম প্রশ্ন নং ১-এ উল্লেখ করতে পারেন অথবা খ) একটি আলাদা কাগজে একাধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তির নাম লিখে তা সংযুক্ত করতে পারেন। (আপনি যদি অনলাইনে ফরমটি পূরণ করেন তাহলে প্রশ্ন নং ১-এর নীচের প্রসারণযোগ্য ঘরটিতে একাধিক নাম উল্লেখ করতে পারবেন।)

আপনি যদি নিজে একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি হয়ে থাকেন এবং সেই সাথে অন্যান্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণেরও প্রতিনিধিত্ব করেন (যেমন- আপনি একজন মাতা বা পিতা যিনি নিজের এবং তার সন্তানদের জন্য এই ফরমটি জমা দিচ্ছেন), তাহলে **অনুগ্রহ করে শুধুমাত্র প্রশ্ন নং ২-এ আপনার প্রথম নাম ও শেষ নাম উল্লেখ করুন।**

---

৩. দলগত নিবেদন হয়ে থাকলে কতজন ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য এই ফরম জমা দেয়া হচ্ছে? ____________

অনুগ্রহ করে এই ফরমের মাধ্যমে নিবেদনকারী ক্ষতিগ্রস্ত ব্যক্তিগনের **সঠিক** সংখ্যা উল্লেখ করুন। আপনি যদি শুধুমাত্র একটি আনুমানিক সংখ্যা দিতে পারেন তাহলে সংখ্যাটি উল্লেখ করুন এবং কারণ ব্যাখ্যা করুন।

যেসকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের পক্ষে নিবেদনটি জমা দেয়া হচ্ছে অনুগ্রহ করে তাদের সঠিক সংখ্যা উল্লেখ করুন। আপনার পক্ষে যদি শুধুমাত্র একটি আনুমানিক সংখ্যা উল্লেখ করা সম্ভব হয় তাহলে অনুগ্রহ করে তা উল্লেখ করুন এবং তার কারণ ব্যাখ্যা করুন।

আপনি যদি নিজে একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি হয়ে থাকেন এবং সেই সাথে অন্যান্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণেরও প্রতিনিধিত্ব করেন, তাহলে অনুগ্রহ করে নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের মোট সংখ্যার মধ্যে নিজেকে অন্তর্ভূক্ত করুন (যেমন- আপনি একজন মাতা এবং আপনাকে আপনার পাঁচ সন্তানসহ নির্বাসিত করা হলে, এই প্রশ্নে ক্ষতিগ্রস্ত ব্যক্তির সংখ্যা উল্লেখ করতে হবে ছয় জন) ।

---

৪. আপনি যদি ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধিত্বকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান হয় থাকেন সেক্ষেত্রে আপনি কি এই ফরমে উল্লিখিত সকল নিবেদনকারী ক্ষতিগ্রস্ত ব্যক্তির অনুমতি নিয়ে কাজ করছেন?

☐ হ্যাঁ ☐ না জবাব না হলে তার কারণ ব্যাখ্যা করুন: ____________

নিবেদন জমা দেয়ার প্রক্রিয়াটি ঐচ্ছিক এবং প্রতিনিধিগণ অবশ্যই নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র অনুমতি নিয়ে কাজ করবেন। আপনি নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র অনুমতি নিয়ে কাজ করে থাকলে অনুগ্রহ করে ‘হ্যাঁ’ ঘরটিতে টিক দিন। আপনি যদি ‘না’ ঘরটিতে টিক দেন তাহলে কেন ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র অনুমতি গ্রহণ সম্ভব হয়নি তা ব্যাখ্যা করুন।

---

৫. আপনি ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতিনিধিত্বকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান হলে সংক্ষেপে ক্ষতিগ্রস্তদের সাথে আপনার সম্পর্ক উল্লেখ করুন

☐ পরিবারের সদস্য: ____________

☐ সামাজিক সম্পর্ক: ____________

☐ এন.জি.ও./সুশীল সমাজের প্রতিনিধিত্বকারী: ____________

☐ আইনজীবী ____________

☐ অন্যান্য: ____________

অনুগ্রহ করে যেসকল ক্ষতিগ্রস্তদের পক্ষে এই আবেদন করা হচ্ছে তাদের সাথে আপনার সম্পর্ক বর্ণনা করুন, বিস্তারিত উল্লেখ করুন - যেমন :
* আপনি **কিভাবে** ক্ষতিগ্রস্তদের সাথে যোগাযোগ করেছেন
* আপনার যোগাযোগের মাধ্যম সমূহ (যেমন- আইনজীবির সাথে ক্ষতিগ্রস্তদের সরাসরি যোগাযোগ, একটি এন.জি.ও যেটি বাংলাদেশ/মায়ানমারে প্রকল্প পরিচালনা করছে এবং একটি বিশ্বস্ত কমিউনিটি অংশীদার)

অনুগ্রহ করে সংশ্লিষ্ট ঘরটিতে টিক দিন এবং যেসকল ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র পক্ষে এই নিবেদনটি করা হচ্ছে তাদের সাথে আপনার সম্পর্ক কি এবং তাদের সাথে আপনি কিভাবে যোগাযোগ করেছেন তা সহ একটি সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ করুন এবং তাদের সাথে যেসকল যোগাযোগ হয়েছে তা বিস্তারিতভাবে উল্লেখ করুন (যেমন- একজন উকিল হিসেবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের সাথে সরাসরি যোগাযোগ; একটি এন.জি.ও হিসেবে যেটি বাংলাদেশে/মায়ানমারে প্রকল্প বাস্তবায়ন করছে এবং একটি বিশ্বস্ত সামাজিক অংশীদার; ইত্যাদি।)

---

৬. সম্ভব হলে অনুগ্রহ করে এই নিবেদন প্রদানকারী ক্ষতিগ্রস্তদের সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ উল্লেখ করুন:

* **ব্যক্তিগত নিবেদনের** ক্ষেত্রে অনুগ্রহ করে যেসকল তথ্য জানতে চাওয়া হয়েছে তা সব উল্লেখ করুন।
* **দলগত নিবেদনের** ক্ষেত্রে, অনুগহ করে যথাসম্ভব তথ্য উল্লেখ করুন, সেকশন ৩ এ উল্লেখিত ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের **সংখ্যা অনুযায়ী বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে।**

লিঙ্গ: ______________________________

জন্মতারিখ / বয়স:

০-১৮ বছর বয়সী - কতজন? ______________

☐ ১৮-৫৫ বছর বয়সী - কতজন? ______________

☐ ৫৫ বছরের উর্ধ্বে - কতজন? ______________

জাতীয়তা(সমূহ) বা জাতিগত গোষ্ঠী(সমূহ): ______________________________

ভাষা(সমূহ): ______________________________

প্রকৃত আবাসস্থান: ______________________________

অনুগ্রহ করে **মায়ানমারের শহর-এলাকার** নাম উল্লেখ করুন

বর্তমান আবাসস্থান: ______________________________

যদি বাংলাদেশে হয় তাহলে **ক্যাম্পের নাম/নম্বর** উল্লেখ করুন

**ব্যক্তিগত নিবেদনসমূহের** ক্ষেত্রে আপনার সম্পর্কে যেসব তথ্য চাওয়া হয়েছে, অনুগ্রহ করে তা সবিস্তারে উল্লেখ করুন।

নিবেদনটি যদি **একাধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তির পক্ষে কোনো একজন বা একটি সংগঠন** পূরণ করে তাহলে নিম্নলিখিত তথ্যসমূহ যথাসম্ভব উল্লেখ করুন:

- লিঙ্গভেদে দলের সদস্যদের সংখ্যা (যেমন- ৫১ জন পুরুষ, ৪৮ জন নারী, ৩ জন অন্যান্য);
- বিভিন্ন বয়স-বিভাগে সংশ্লিষ্টদের সংখ্যা (যেমন- ৮ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - বয়স ০-১৮; ৫১ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - বয়স ১৮-৫৫; ৪০ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - বয়স ৫৫+);
- জন্মতারিখ(গুলি) উল্লেখ করার ক্ষেত্রে অনুগ্রহ করে এই পদ্ধতি অনুসরণ করুন: দিন/মাস/বছর;
- জাতীয়তাসমূহ/ জাতিগত গোষ্ঠিসমূহ (যেমন- রোহিঙ্গা)
- ভাষাভেদে দলের সদস্যদের সংখ্যা (যেমন- ৫৫ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - রোহিঙ্গা; ৪৪ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - রোহিঙ্গা ও বার্মিজ);

- আদি নিবাসের (মায়ানমারের শহর এলাকা) স্থান ভেদে দলের সদস্যদের সংখ্যা (যেমন- ৩৩ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - বুঠিডং; ১৫ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - মুংডো; ৫১ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - রথেডং);
- বর্তমান আবাসস্থান (ক্যাম্পের নম্বর/নাম) ভেদে দলের সদস্যদের সংখ্যা (যেমন- ৩২ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - কুটাপালং; ৬৭ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তি - ক্যাম্প ২২);

# পৃষ্ঠা ২

---

৭. ক্ষতিগ্রস্তদের কি হয়েছিল? ক্ষতিগ্রস্তদের বিশ্বাসমতে কোন বাহিনী/দল তাদের ক্ষতির জন্য দায়ী?

অনুগ্রহ করে **কিভাবে** ঘটনাগুলি ঘটেছিল তা যথাসম্ভব বিস্তারিতভাবে উল্লেখ করুন, যেমন- কিভাবে বিতাড়িত করা হয়েছিল, আর কোনো অপরাধ ঘটেছিল কি না।

---

ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র ব্যক্তিগতভাবে কি ঘটেছিল তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন। প্রকৃত ঘটনাগুলি এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র ব্যক্তিগত অভিজ্ঞতার বিবরণ উল্লেখ করাটা গুরুত্বপূর্ণ। এছাড়া ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) এসব ঘটনার জন্য যে বাহিনী বা দলগুলিকে দায়ী বলে মনে করেন, অনুগ্রহ করে তা উল্লেখ করুন।
দলগত নিবেদনের ক্ষেত্রে আপনাকে দলের প্রতিটি সদস্যের ব্যক্তিগত কাহিনী বর্ণনা করতে হবে না; প্রকৃত ঘটনাগুলির এবং নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতি সংঘটিত অপরাধসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ করাই যথেষ্ট।

বাংলাদেশ/মায়ানমার পরিস্থিতিতে একটি তদন্ত শুরুর জন্য প্রসিকিউটরের আবেদন এবং সেই সাথে এই তদন্তের ব্যাপ্তি মূল্যায়নের সময় আই.সি.সি বিচারকগণ এই নিবেদনসমূহে বর্ণিত ঘটনাগুলি বিবেচনা করবেন।

ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) যদি ঘটনাগুলির জন্য দায়ী সংশ্লিষ্ট বাহিনী/দলসমূহের পরিচয় না জানেন সেক্ষেত্রে অভিযুক্ত অপরাধীরা কোন দলের সদস্য তা চিহ্নিত করে এমন কিছু তথ্য প্রদান করা, এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) কেন তা মনে করেন সেটা উল্লেখ করাই যথেষ্ট। ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) যদি ঘটনাগুলির জন্য কারা দায়ী তা না জানেন সেক্ষেত্রে অপরাধীরা যে অজ্ঞাত সেটা জবাবের মধ্যে উল্লেখ করাই যথেষ্ট।

**অনুগ্রহ করে সংক্ষেপে লিখুন এবং ফরমটি পূরণের সময় স্থান সীমাবদ্ধতার প্রতি সচেতন থাকুন।**

---

৮. ঘটনা(গুলি) কোথায় ঘটেছিল?

---

---

অনুগ্রহ করে **যেসব স্থানে ঘটনাগুলি ঘটেছিল** সেই সবকটি স্থান উল্লেখ করুন

সুনির্দিষ্ট তথ্য দিন। সম্ভব হলে, যেখানে ঘটনাগুলি ঘটেছিল তার পাশের গ্রাম বা স্থানের নাম উল্লেখ করুন। ঘটনাগুলি যেসকল স্থানে ঘটেছিল সেসব স্থানের নাম যতদূর সম্ভব উল্লেখ করুন (যেমন- মায়নমারের স্থানগুলি, সীমান্ত পারাপারের স্থান, ইত্যাদি) ।

---

**৯.** ঘটনা(গুলি) কখন ঘটেছিল?

---

অনুগ্রহ করে **সংশ্লিষ্ট সকল ঘটনার তারিখগুলি** উল্লেখ করুন যেমন মায়ানমারে সংঘটিত অপরাধসমূহের তারিখ, বাংলাদেশে পৌছানোর তারিখ ইত্যাদি।

ঘটনাগুলির তারিখ জানা না থাকলে, একটি আনুমানিক তারিখ উল্লেখ করুন; তা সম্ভব না হলে প্রেক্ষাপট সম্পর্কিত যেকোনো তথ্য উল্লেখ করুন যা ঘটনাগুলির তারিখ নির্ণয়ে/অনুমান করতে সহায়তা করতে পারে (যেমন- বর্ষাকালের প্রথম দিকে, ইত্যাদি।)

# পৃষ্ঠা ৩

---

১০. ঘটনা(গুলি)র কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তি(রা) কি ক্ষতির শিকার হয়েছিলেন?

প্রশ্ন নং ৭ থেকে ৯-এ উল্লিখিত কার্যক্রম বা ঘটনাসমূহের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) সরাসরি অথবা পরিবারের নিকটতম সদস্যদের ভোগান্তির কারণে পরোক্ষভাবে যেসকল ব্যক্তিগত আঘাত, ক্ষয়ক্ষতি বা ভোগান্তির শিকার হয়েছেন, অনুগ্রহ করে সেগুলো সম্পর্কে তথ্য প্রদান করুন।

আই.সি.সি'র এখতিয়ারভূক্ত অপরাধসমূহের ফলে একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি যেসব বিভিন্ন ধরণের ক্ষতির শিকার হতে পারেন সেগুলিকে আই.সি.সি স্বীকৃতি দেয়। এসব অপরাধ একজন ব্যক্তির দেহে **শারীরিক ক্ষতি** সাধন করতে পারে, একই সাথে **মানসিক ক্ষতি** করতে পারে কারণ একজন ব্যক্তি যা সহ্য করেছে বা দেখেছে তার দ্বারা তার মন ক্ষতিগ্রস্ত হয়।

**বস্তুগত ক্ষতি**ও স্বীকৃত হতে পারে, যেমন- অপরাধের ফলে সম্পত্তির ক্ষতি হওয়া বা খোয়া যাওয়া, এবং অন্যান্য অর্থনৈতিক লোকসান।

**সুযোগ হারানো** (যেমন- শিক্ষার্জনের সম্ভাবনা নষ্ট হওয়া) এবং নিজ সম্প্রদায়ের মধ্যে **সামাজিক মর্যাদা হারানো**কেও স্বীকৃতি দেয়া হতে পারে।

---

১১. ক্ষতিগ্রস্ত(রা) কি চান যে আই.সি.সি. প্রসিকিউটর মায়ানমারের অসামরিক রোহিঙ্গা জনমানুষদের বিতাড়িত করা, অন্যান্য অমানবিক আচরণ এবং নিপীড়নের মতো যে মানবতা বিরোধী অপরাধের অভিযোগ করা হয়েছে তার তদন্ত করেন?

১২. ১১ নং প্রশ্নের উত্তরে আপনার জবাব "হ্যাঁ" হলে - তদন্তে কি কি বিষয় অন্তর্ভূক্ত থাকা উচিত বলে ক্ষতিগ্রস্ত(রা) মনে করেন *(সময়কাল, স্থান, অপরাধসমূহ)?*

১৩. ১১ নং প্রশ্নের উত্তরে ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গনে)র জবাব "না" হলে এই তদন্ত সম্পর্কে ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গনে)র কি কি উদ্বেগ রয়েছে? অনুগ্রহ করে সেধরণের একটি তদন্তের বিপক্ষে ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গনে)র যুক্তিগুলো ব্যাখ্যা করুন।

১৪. ক্ষতিগ্রস্তদের এছাড়া আর কোনো দৃষ্টিভঙ্গি বা উদ্বেগ রয়েছে কি যা তারা আদালতকে জানাতে চান?

বাংলাদেশ/ মায়ানমার পরিস্থিতিতে অভিযোগক্রমে সংঘটিত অপরাধসমূহের তদন্তের জন্য প্রসিকিউটরের প্রস্তাবনা সম্পর্কে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে তাদের মতামত প্রকাশ করার সুযোগ দেয়ার জন্য প্রশ্ন নং ১১, ১২, ১৩ এবং ১৪ সাজানো হয়েছে। এই মতামতগুলি বাংলাদেশ/মায়ানমার পরিস্থিতির প্রেক্ষিতে একটি তদন্ত চালু করার জন্য প্রসিকিউটরের আবেদন মঞ্জুর করা হবে কিনা সে সিদ্ধান্ত গ্রহণে আই.সি.সি বিচারকগণকে সহায়তা করবে।

যেসব ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) ১১ নং প্রশ্নের উত্তর 'হ্যা' দিয়েছেন তারা কোন সময়কাল, স্থানসমূহ ও অপরাধসমূহ তদন্তটির আওতাধীন আনা উচিত বলে মনে করেন তা ১২ নং প্রশ্নে সুপারিশ করতে পারেন, এবং সেইসাথে সম্ভাব্য তদন্তের ক্ষেত্রে তাদের প্রত্যাশাগুলি কি তা জানাতে পারেন।

যেসব ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) ১১ নং প্রশ্নের উত্তর 'না' দিয়েছেন তারা ১৩ নং প্রশ্নে আই.সি.সি. প্রসিকিউটর কর্তৃক পরিচালিত একটি সম্ভাব্য তদন্ত সম্পর্কে তাদের উদ্বেগসমূহ জানাতে পারেন এবং অন্যান্য যেসকল সমস্যাকে প্রাসঙ্গিক বলে মনে করেন সেগুলো উত্থাপন করতে পারেন।

ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণ) যেসব অতিরিক্ত পর্যবেক্ষণ/মতামত সম্ভাব্য তদন্তের সাথে সংশ্লিষ্ট আই.সি.সি বিচারকগণকে জানাতে চান সেগুলো ১৪ নং প্রশ্নে অন্তর্ভূক্ত করতে পারেন, যেমন- সুরক্ষা এবং নিরাপত্তা বিষয়ক সমস্যাগুলি এবং/অথবা অন্য যেকোনো তথ্য যা বিচারকগণের বিবেচনার জন্য প্রাসঙ্গিক বলে মনে করা হয়।

---

১৫. এই নিবেদন ফরমটি জমা প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগাযোগের তথ্য
(আবাসস্থানের ঠিকানা, টেলিফোন এবং ইমেইল ঠিকানা, যদি থাকে)

যে ব্যক্তি বা সংগঠন ফরমটি পূরণ করছেন অনুগ্রহ করে তার যোগাযোগের তথ্য সবিস্তারে উল্লেখ করুন, কারণ প্রসিকিউটরের আবেদন সম্পর্কে চেম্বার তার সিদ্ধান্তের নোটিশ নিবেদনকারী সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে পাঠাবেন। এছাড়া রেজিষ্ট্রি ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে বিচারপ্রক্রিয়ার অগ্রগতিসমূহ সম্পর্ক তথ্য দিতে থাকবেন।

| ______________________ | ______________ | ______________ |
|---|---|---|
| ক্ষতিগ্রস্ত ব্যক্তি / প্রতিনিধি(গনে)র স্বাক্ষর | তারিখ | স্থান |

এই ফরমটিতে স্বাক্ষরের মাধ্যমে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ অথবা যে ব্যক্তিগণ বা সংগঠনসমূহ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধিত্ব করছেন তারা এখানে উল্লিখিত তথ্যসমূহের সত্যতা নিশ্চিত করেন। স্বাক্ষরের মাধ্যমে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ/যে ব্যক্তিগণ বা সংগঠনসমূহ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধিত্ব করছেন তারা তাদের নিবেদন করার উদ্দেশ্যও নিশ্চিত করেন।

নিবেদনটি যদি একজন ব্যক্তি/ সংগঠন কর্তৃক একাধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য করা হয়ে থাকে তাহলে **ক্ষতিগ্রস্ত ব্যাক্তিদের প্রতিনিধির স্বাক্ষরই যথেষ্ট**, এছাড়া আপনাকে নিবেদনকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তি(গণে)র স্বাক্ষর প্রদান করতে হবে না।

**এই নিবেদনটি সম্পূর্ণ হিসেবে বিবেচনা করতে আর কোনো অতিরিক্ত নথিপত্রের প্রয়োজন নেই।**
**উপরন্তু, অনলাইন ফরমের সাথে কোনো নথিপত্র সংযুক্ত করা যাবে না।**

ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ/ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহ কোনো নথিপত্র প্রদান করতে চাইলে, সেগুলি নিবেদন ফরমের সাথে নিম্নোক্ত ঠিকানায় পাঠিয়ে দেয়াটাই বাঞ্ছনীয়

The International Criminal Court
Victims Participation and Reparations Section (VPRS)
P.O. Box 19519, 2500 CM
The Hague
The Netherlands

*অথবা*

এই ইমেইলে ভি.পি.আর.এস-কে পাঠিয়ে দিন- VPRS.Information@icc-cpi.int

ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ/ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহের শুধুমাত্র **নথিপত্রের অনুলিপি পাঠানো উচিত, মূল কপি নয়।** ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ এবং/অথবা ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহ যেসকল নথিপত্রকে নিবেদনের সাথে সংশ্লিষ্ট হিসেবে বিবেচনা করবেন, যেমন- আদালতসম্মন্ধীয়, চিকিৎসা বিষয়ক, পুলিশ বা আদালতের রেকর্ড, ফটো, ফিল্ম, ইত্যাদির অনুলিপি নিবেদন ফরমের সাথে সংযুক্ত করা যেতে পারে।
আরো তথ্য এবং/অথবা সহায়তার জন্য এই ঠিকানায় ভি.পি.আর.এস-এর সাথে যোগাযোগ করুন।
VPRS.Information@icc-cpi.int